গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
নেজারত শাখা
www.rangpur.gov.bd

নম্বর:০৫.৫৫.৮৫০০.০০০.০০৭.০২.০০০৩.২৩.

তারিখ : কার্তিক ১৪৩৩ / নভেম্বর ২০২৬

কোটেশন বিজ্ঞপ্তি (RFQ)

জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর সাধারণ প্রশাসন খাতের বিভিন্ন শাখা ও সার্কিট হাউস, রংপুর এর জন্য ২০২৬-২০২৭ অর্থবছরের মনিহারি দ্রব্যাদি, ব্যবহার্য্য দ্রব্যাদি ও কম্পিউটার সামগ্রীর সরবরাহকারী/ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনুমোদিত সম্ভাব্য দ্রব্যাদি/সামগ্রীর তালিকা অনুসারে এককদর উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্র সিডিউল ১৫/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১.৩০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন এ কার্যালয়ের নেজারত শাখা হতে সংগ্রহ করা যাবে এবং ঐদিন বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত নেজারত শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে।

শর্তাবলিঃ

১. **নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না।**
২. **আগামী ১৫/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।**
৩. **২০২৬-২০২৭ অর্থবছরের মাসিক চাহিদা অথবা যখন প্রয়োজন তখন চাহিদার ভিত্তিতে মালামাল সরবরাহ করতে হবে।**
৪. **সরবরাহকৃত মালামালের গুণগত মান উন্নত ও অবশ্যই রুচিসম্মত হতে হবে।**
৫. **অনুমোদিত সম্ভাব্য দ্রব্যাদি/সামগ্রীর তালিকার সাথে ২০২৬-২০২৭ অর্থবছরে প্রতিষ্ঠানের নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, মনিহারি দ্রব্যাদি, ব্যবহার্য্য দ্রব্যাদি ও কম্পিউটার সামগ্রী সরবরাহ সংক্রান্ত অভিজ্ঞতার সনদপত্র, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, প্রতিষ্ঠানের নামে পরিচালিত কোন তফসিলি ব্যাংকের হিসাব বিবরণী (বিগত এক বছর), আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্রের সার্টিফাইড কপি দাখিল করতে হবে।**
৬. **সরবরাহকৃত মালামালের মাসিক বিল হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।**
৭. **দরপত্র সম্পূর্ণ বা আংশিক গ্রহণ কিংবা দরপত্র বাতিল করার নিরঙ্কুশ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।**
৮. **অসম্পূর্ণ এবং কাটাকাটি/ঘষামাজা সিডিউল/দরপত্র বাতিল বলে গণ্য হবে।**
৯. **এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর নেজারত শাখা হতে জানা যাবে ও দেখা যাবে।**

নেজারত ডেপুটি কালেক্টর, রংপুর
ও
সদস্য-সচিব
দরপত্র প্রাক্কলন, উন্মুক্তকরণ, মূল্যায়ন ও গ্রহণ কমিটি
ফোন: ০২৫৮৯৯-৬১০৪৭ (অফিস)
ই-মেইল: ndcrangpur@mopa.gov.bd

নম্বর:০৫.৫৫.৮৫০০.০০০.০০৭.০২.০০০৩.২৩. ৭৭২

তারিখ : ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর।
০২। সহকারী কমিশনার (গোপনীয়), রংপুর। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর; **তাকে বিজ্ঞপ্তিটি অফিসের ওয়েবপোর্টালে আবশ্যিকভাবে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৪। জনাব/মেসার্স .....
..... রংপুর।
০৪। নোটিশ বোর্ড/ অফিস কপি।

২/১১/২০২৬

নেজারত ডেপুটি কালেক্টর
রংপুর